



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.১৩৭

বিষয়: চলমান উন্নয়ন প্রকল্প জেলা সমাজকল্যাণ কমপ্লেক্স, হবিগঞ্জ পরিদর্শন প্রতিবেদন দাখিল।

সূত্র: বিভাগীয় সমাজসেবা অফিসের ১৬ মার্চ ২০২৩ তারিখের পরিদর্শন

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৬ মার্চ ২০২৩ তারিখ জেলা সমাজকল্যাণ কমপ্লেক্স, হবিগঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব রাশেদুজ্জামান চৌধুরী, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ উপস্থিত ছিলেন। জেলা সমাজকল্যাণ কমপ্লেক্স, হবিগঞ্জ পরিদর্শন প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হলো:

১. অফিস ভবনটির চতুর্পার্শ্বের প্রায় ৬০০ ফুট সীমানা প্রাচীর নির্মাণ জরুরি হলেও শুধুমাত্র ডান পাশে ৮৬ ফুট লোহার গ্রীলযুক্ত প্রাচীর নির্মাণ কর হয়েছে; ভবনের পিছনে বর্তমানে ৪০ ফুট পুরাতন প্রাচীর বিদ্যমান আছে; অবশিষ্ট প্রায় ৪৭০ ফুট প্রাচীর নির্মাণের সংস্থান চলমান প্রকল্পে না থাকায় ভবনটি সম্পূর্ণ অরক্ষিত ও নিরাপত্তাহীনতায় থাকবে। ভবনে সংযোজিত সকল ফিটিংসসহ যাবতীয় মূল্যবান সামগ্রী চুরি হবার শতভাগ সম্ভাবনা রয়েছে। এই প্রেক্ষিতে চতুর্দিকে নিরাপত্তা প্রাচীর নির্মাণ একান্ত জরুরি।
২. ছয়তলা ভবনের সকল দরজা সংযোজিত তবে দরজার হেজবোল্ড সমূহে এবং ছোট চোট এসএস পকেট গেইট সমূহে ইতোমধ্যে জং ধরেছে। এসব সামগ্রী উন্নতমানের এসএস সেম্বন্ধ নহে; এসব জঙযুক্ত দ্রব্যাদি ভবন বুঝে নেয়ার আগে পরিবর্তন জরুরি
৩. ছয়তলা ভবনের ভিতর ও বহিরাংশের রঙ সম্পূর্ণ হয়েছে তবে ফাইনাল টাচ শুধুমাত্র ছয় তলায় চলমান দেখা যায়;
৪. ভবনে লিফ্ট সংযোজন হয়নি, সাব স্টেশন ও জেনারেটর ঘর তৈরী হয়েছে তবে ফিনিশিং হয়নি এবং এতদসংক্রান্ত কোন যন্ত্রপাতি প্রকল্প এলাকায় আসেনি
৫. ভবনের নীচতলার সম্মুখভাগে ও সিড়ির অংশে পূর্তকাজ অবশিষ্ট আছে; ৮০ ভাগ থাইফ্রেম ও গ্লাস সংযোজন হয়েছে; সকল বিদ্যুত পয়েন্টে তার সঞ্চালন হয়েছে তবে বিদ্যুৎ নেটওয়ার্কিং এর ফিনিশিং হয়নি। ভবনে ৮০ ভাগ টাইলস সংযোজন হয়েছে। তবে টাইলস ক্লিনিং সবকাজের শেষে করার নিয়ম থাকলেও এখনই টাইলস ক্লিনিং করা হচ্ছে; এছাড়া টাইলস ক্লিনিং এর জন্য ব্যবহৃত তরল কেমিকেল নিজস্ব পদ্ধতিতে বানানো, বাজারে প্রচলিত ইনট্যান্ট ক্লিনার ব্যবহার করা হচ্ছেনা
৬. সকল বাথরুমে সংযোজিত দরজা পছন্দ বিষয়ে বিভাগীয় বা জেলা সমাজসেবা অফিসের মতামত বা পছন্দকে বিবেচনা করা হয়নি। সংযোজিত দরজাগুলো টেকসই ও স্মার্ট হয়নি। গণপূর্ত বিভাগকে বারংবার অনুরোধ করার পরও দাড়িয়ে ব্যবহারযোগ্য ইউরিনাল তৈরী করা হয়েছে;
৭. ভবনের প্রধান ফটকের কাজ দৃশ্যমান নহে; ভবনের চতুর্থ তলার একটি কক্ষের ভিতর দিয়ে পানি ও স্যুরারেজ লাইনের পাইপ চালানো হয়েছে যা চরম দৃষ্টিকটু এবং নির্মাণ কাজের কোন ত্রুটি সামাল দিতে গিয়ে এধরণের পাইপ চালানো হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায় নির্মানাধীন জেলা সমাজসেবা কমপ্লেক্স এর বর্গিত ও বিদ্যমান ত্রুটি বিচ্যুতি প্রকল্প দপ্তর ও অভিজ্ঞ প্রকৌশল টিমের মাধ্যমে পরীক্ষণ করত: প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন এবং চতুর্দিকে নিরাপত্তা প্রাচীর নির্মাণের ব্যভস্থা গ্রহনে মহোদয়কে বিনীত অনুরোধ জানাচ্ছি।

২৮-০৩-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক

মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.১৩৭/১ (৬)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট;
- ২। প্রকল্প পরিচালক, “৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়ে-২২ জেলা) শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, সিলেট গণপূর্ত জোন, তালতলা, সিলেট;
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
- ৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, হবিগঞ্জ এবং
- ৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ।



২৮-০৩-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) WhatsApp Image 2023-03-27 at 23.13.55
- (২) WhatsApp Image 2023-03-27 at 23.13.48
- (৩) WhatsApp Image 2023-03-27 at 23.13.
- (৪) WhatsApp Image 2023-03-27 at 23.13.56
- (৫) WhatsApp Image 2023-03-27 at 23.13.52